যায়যায়দিন

তারিখ ... 12 FEB 2009
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ২

সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী

# জোট সরকারের আমলে অন্যায়ভাবে চাকরিচ্যুতদের তদন্তসাপেক্ষে পুনর্বহাল করা হবে

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, জোট সরকারের আমলে যেসব শিক্ষা প্রতিষ্ঠানে অন্যায়ভাবে চাকরিচ্যুতির ঘটনা ঘটেছে, আইনানুযায়ী তার তদন্ত করা হবে এবং চাকরিচ্যুতদের পুনর্বহাল করা হবে। তিনি বলেন, নতুন করে পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের রয়েছে। তবে রেজিস্ট্রেশনকৃত প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারিকরণের পরিকল্পনা নেই। এসব প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন-ভাতাদি বৃদ্ধির বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

গতকাল সংসদে প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, প্রাথমিক বৃত্তির সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা সরকারের নেই। তবে সুবিধাবঞ্চিত দরিদ্র পরিবারের ৪৮ লাখ শিশুকে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্পের (দ্বিতীয় পর্যায়) আওতায় আনা হয়েছে। এ প্রকল্পের আওতায় একটি দরিদ্র পরিবারের এক সন্তানকে বিদ্যালয়ে পাঠানোর জন্য মাসিক ১০০ টাকা ও একাধিক সন্তানের জন্য মাসিক ১২৫ টাকা হারে উপবৃত্তি প্রদান করা হচ্ছে।

ঢাকা-১০ আসনের সরকারদলীয় সংসদ সদস্য এ কে এম রহমতউল্লাহর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ২০০১ সালের ৩০ জুন থেকে ২০০৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ঢাকা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৯০৬টি কম্পিউটার সরবরাহ করা হয়েছে। এতে সরকারের ব্যয় হয়েছে ৬ কোটি ২১ লাখ ৪৬ হাজার ৩২৬ টাকা। পৃ-১৫ ›› ক ৪

## জোট সরকারের আমলে অন্যায়ভাবে

(শেষ পৃষ্ঠার পর)

নওগাঁ-৬ আসনের এমপি ইসরাফিল আলমের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, চলতি অর্থবছরে বরাদ্দ না থাকায় স্কুল, কলেজ ও মাদ্রাসা এমপিওভুক্ত করা সম্ভব নয়। নতুন অর্থ বরাদ্দ পাওয়া গেলে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির পদক্ষেপ নেয়া হবে। নাটোর-৩ আসনের এমপি জুনায়েদ আহমেদ পলকের এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, দেশে সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৩২টি। নতুন পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের রয়েছে। এর সংখ্যা, স্থান ও তারিখ নির্ধারণের বিষয়টি বিবেচনায় রয়েছে। কুমিল্লা-৯ আসনের এমপি তাজুল ইসলামের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান যেমন স্কুল-কলেজ, মাদ্রাসা কওমি মাদ্রাসায় প্রতিদিন জাতীয় সঙ্গীত গাওয়া হয়। ২০০৮ সালের ১৭ মার্চ তারিখের পরিপত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিদিন জাতীয় সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক।

অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদকে জানান, দেশে এবতেদায়ী মাদ্রাসা ১ হাজার ৫৮৬টি। বাজেটে অর্থ বরাদ্দ পাওয়া গেলে এগুলো এমপিওভুক্ত করা হবে। অন্য এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি নির্ভর এবং যুগোপযোগী করতে ইতিমধ্যে দাখিল স্তরের কারিকুলাম সংশোধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ঢাকা শহরের কোনো কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ডোনেশন গ্রহণ করা হয়। ভর্তির বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের কাজ মন্ত্রণালয়ের প্রক্রিয়াধীন রয়েছে।